

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-২৬৪৯  
আগরতলা, ৩০ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

“দৈন্যদশায় গন্ডাছড়া হাসপাতাল মা-শিশুর উপর ভেঙে পড়লো ছাদ,” এই শিরোনামে আজ (৩০ আগস্ট, ২০২৫) দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে গন্ডাছড়া মহকুমা হাসপাতালের তরফ থেকে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, বর্তমানে গন্ডাছড়া মহকুমা হাসপাতালের রেন্ট্রোফিটিং এর কাজ চলছে। স্থানাভাবের কারণে বিদ্যমান ওয়ার্ডগুলো স্থানান্তর না করেই কাজ চালানো হচ্ছে। বর্তমানে মহকুমা হাসপাতালের অর্ধেক অংশে সংস্কার কাজ চলছে। ফলে ইনডোর বিভাগসমূহ (মাতৃত্ব বিভাগ, পুরুষ ও মহিলা ওয়ার্ড, জরুরী বিভাগ) হাসপাতালের পুরনো ভবনেই পরিচালিত হচ্ছে। সংবাদপত্রে গন্ডাছড়া মহকুমা হাসপাতালে প্রসূতি মা ও তার সদ্যোজাত শিশুর উপর হাসপাতালের ছাদের একটি অংশ ধ্বসে পড়েছে বলে যে অভিযোগ করা হয়েছে তা সঠিক নয়।

\*\*\*\*\*